

## REGIONAL NEWS

### UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date : 19-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

#### Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৮তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

#### Kokborok Day :

আজ ৪৭তম ককবরক দিবস। রাজ্যে নানা অনুষ্ঠানের মাধ্যমে এই দিবসটির উদযাপন করা হবে। সকালে আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণ থেকে ককবরক দিবস উপলক্ষে রেলীর আয়োজন করা হয়েছে। সকাল সাড়ে ৮টায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ককবরক দিবস উপলক্ষে সাংস্কৃতিক ও সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন উপজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। এছাড়াও রাজ্যের বিভিন্ন স্থানে এই দিবসটি উদযাপন করা হচ্ছে।

\*\*\*\*\*

**PM, SVAMITVA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে দশটি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫০ হাজারেরও বেশি গ্রামে সুবিধাভোগীদের SVAMITVA প্রকল্পের অধীনে ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড বিতরণ করেন। প্রকল্পটির লক্ষ্য হলো গ্রামীণ ভারতের অর্থনৈতিক রূপান্তরকে চালিত করা ও গ্রামীণ আবাদি এলাকায় সম্পত্তির মালিকদের সম্পত্তির অধিকার প্রদান করা। সমীক্ষার জন্য উন্নত ড্রোন প্রযুক্তির মাধ্যমে পরিবারের অধিকারের রেকর্ড প্রদান করে গ্রামীণ ভারতের অর্থনৈতিক উন্নয়ন বাড়ানোর জন্য ২০২০সালে স্বামিত্ব প্রকল্প চালু করা হয়েছিল। এই ড্রোন সমীক্ষা এখন পর্যন্ত তিন লক্ষ সতেরো হাজারেরও বেশি গ্রামে সম্পন্ন হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৯২শতাংশ। প্রধানমন্ত্রী আজ তাঁর বক্তব্যে এই দিনটিকে গ্রামীণ অর্থনীতির জন্য ঐতিহাসিক হিসেবে অভিহিত করেন।

\*\*\*\*\*

**Ratanlal Nath-TPTL :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে ৭৯ টিলায় উর্জা ভবনে স্বাস্থ্য শিবির এবং বিদ্যুৎ দপ্তরের তিনজন অবসরপ্রাপ্ত প্রকৌশলীর সংবর্ধনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মন্ত্রী শ্রী নাথ বলেন, বিদ্যুৎ উৎপাদন, বিদ্যুৎ পরিবহন এবং বিদ্যুৎ বিতরণের কাজ আগে একসাথেই হতো, কিন্তু বর্তমানে উৎপাদন, পরিবহন এবং বিতরণ পৃথক করা হয়েছে। মন্ত্রী বলেন বিদ্যুৎ বর্তমানে এমন গুরুত্বপূর্ণ জায়গায় এসে পৌঁছেছে যে বিদ্যুৎ না থাকলে মোবাইল পর্যন্ত চার্জ দেওয়া যায় না। শুধু তাই নয় একটি হাসপাতাল পর্যন্ত মুখ খুবড়ে পড়ে বিদ্যুতের কারণে। তিনি বলেন, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন বলছে যে ব্যক্তি মানসিক, শারীরিক, অর্থনৈতিক এবং সামাজিক দিক দিয়ে সুস্থ,

তাকেই সুস্থ বলা হয়। মানুষকে এই ক্ষেত্রে কিভাবে সুস্থ রাখা যায় সেদিকে গুরুত্ব দিয়ে সরকার কাজ করেছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের জেনারেল ম্যানেজার রঞ্জন দেববর্মণ সহ অন্যান্যরা। অবসরপ্রাপ্ত ইঞ্জিনিয়ার এবং কর্মচারীদের মধ্যে সুব্রত দত্ত চৌধুরী, সুবল বিশ্বাস এবং অরুণ কুমার আচার্যকে সম্মাননা তুলে দেন মন্ত্রী রতন লাল নাথ।

\*\*\*\*\*

**Meyor :**

আগরতলা পুর নিগমের মেয়র বিধায়ক দীপক মজুমদার গতকাল ১৫ নম্বর পুর ওয়ার্ডের হরিজন কলোনি এলাকার সমস্যা দেখেছেন। মেয়র শ্রী মজুমদার জানান, রাস্তার ড্রেনের কাজ নতুন করে করতে হবে। একই সাথে কয়েকটি রাস্তা নতুন করে সংস্কার করতে হবে। আগামী কিছুদিনের মধ্যেই কাজ শুরু হবে বলে জানিয়েছেন তিনি। পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব, কর্পারেটর নিবাস দাস সহ অন্যরা।

\*\*\*\*\*

**Jagriti 2025-Kumarghat :**

খাদ্য ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে আন্তঃ কলেজ কুইজ প্রতিযোগিতা "জাগৃতি - ২০২৫" এর উদ্বোধন করেন। উত্তর ত্রিপুরা, ধলাই ও ঊনকোটি জেলার সাধারণ ডিগ্রী কলেজ ও কারিগরি মহাবিদ্যালয়ের শিক্ষার্থীরা এতে অংশ নেয়। উদ্বোধকের ভাষণে মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, "জাগৃতি" কর্মসূচির বিষয়গুলো হলো - ভোক্তা সুরক্ষা, সড়ক নিরাপত্তা ও নেশামুক্ত সমাজ গঠন। সারা বছরব্যাপী রাজ্যজুড়ে এই অনুষ্ঠান করা হবে বলে তিনি জানান। কুইজ এর ফাইনাল রাউন্ডে বারোজন শিক্ষার্থী

অংশ নেয়। তাছাড়া দর্শকদের জন্য ছিল উন্মুক্ত কুইজ এবং পুরস্কার ও। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ প্রমুখ।

\*\*\*\*\*

#### **National School Yoga :**

মহারাষ্ট্রে অনুষ্ঠিত ৬৮তম জাতীয় স্কুল যোগা প্রতিযোগিতায় আরো সাতটি পদক দখল করেছে ত্রিপুরা অনূর্ধ্ব-১৭ এবং ১৯ যোগা রাজ্যদল। দলগত বিভাগে অনূর্ধ্ব ১৯ বালিকারা স্বর্ণ, অনূর্ধ্ব ১৯ বালকরা রৌপ্য, অনূর্ধ্ব ১৭ বালক ও বালিকারা রৌপ্য পদক লাভ করে। এছাড়া ব্যক্তিগত লড়াইয়ে অনূর্ধ্ব ১৭ বালিকা বিভাগের ধৃতি দেবনাথ একটি করে রৌপ্য ও ব্রোঞ্জ পদক জয় করে। সৌরভ সূত্রধর অনূর্ধ্ব ১৯ বিভাগে ব্রোঞ্জ পদক পায়। আসর থেকে ত্রিপুরাকে এর আগে স্বর্ণপদক এনে দিয়েছিল পরিনিতা রায়। এছাড়া বালক বিভাগে শুভ্রদীপ ভৌমিক ব্রোঞ্জ পদক জয় করেছিলো।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৬ ডিগ্রী সেলসিয়াস। দিনের তাপমাত্রা থাকতে পারে সর্বোচ্চ ২৭ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*